ভোরের কাগজ

তারিখ APR. 6 1999
পৃষ্ঠা ..৭২.. কলাম ৩

157

# ছাত্রদের কক্ষ শিক্ষকদের দখলে

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : ঈদুল আযহার ছুটি শেষে হলে ফিরে হতবাক হয়ে গেছে ঢাকা বিশ্ববিদ্যালয় বঙ্গবন্ধু হলের পাঁচটি কক্ষের ছাত্ররা। ইতিমধ্যেই দখল হয়ে গেছে তাদের কক্ষগুলো। কক্ষ থেকে জিনিসপত্র সরিয়ে আবাসিক কক্ষগুলো শিক্ষকদের কোয়ার্টারের সঙ্গে জুড়ে দেওয়া হয়েছে। তাদের জন্য বরাদ্দ করা হয়েছে হলের গুদাম ঘর হিসেবে ব্যবহৃত পাঁচটি পরিত্যক্ত কক্ষ। এসব কক্ষে ১২জন আবাসিক ছাত্রসহ অন্তত ২৫ জন ছাত্র থাকতো।

বঙ্গবন্ধু হলের ছাত্রদের পাঁচটি আবাসিক কক্ষ হল কর্তৃপক্ষ শিক্ষকদের জন্য বরাদ্দ করেছে। এ কক্ষগুলো হলো ১২৪, ২২৪, ৩২৪, ৪২৪ এবং ৫২৪। এ কক্ষগুলোর এক পাশে শিক্ষকদের কোয়ার্টার। ছাত্ররা ঈদের ছুটিতে বাড়িতে গেলে তাদের অধিকাংশের অনুপস্থিতিতে গত ২৫ মার্চ সব জিনিসপত্র বের করে রুম খালি করা হয়। পরে শিক্ষক কোয়ার্টার ও এসব কক্ষের মাঝের দেয়াল ভেঙে তা শিক্ষক কোয়াটারের সঙ্গে জুড়ে দেওয়া হয়েছে। এসব রুমের দরজা জানালা ইট দিয়ে বন্ধ করে দেওয়া হয়েছে। শিক্ষকরা তাদের কোয়ার্টারে প্রবেশের জন্য আলাদা পথ ব্যবহার করেন। ছাত্রদের অনুপস্থিতিতে তাদের জিনিসপত্র সরানোর ফলে বাড়ি থেকে ফিরে তারা প্রয়োজনীয় জিনিসপত্র খুঁজে পাচ্ছে না। অনেকের বইখাতাও ওলোটপালোট হয়ে গেছে বলে এসব ছাত্রের সঙ্গে আলাপ করে জানা গেছে।

নাম প্রকাশে অনিচ্ছুক কয়েকজন ছাত্র জানিয়েছে, 'শিক্ষকরা ক্যাডারদের মতো তাদের রুম দখল করে নিয়েছে।'

এ ব্যাপারে হলের প্রভোস্ট অধ্যাপক ড. আব্দুল আজিজের সঙ্গে আলাপ করলে তিনি ভোরের কাগজকে বলেন, 'নির্ভেজাল মিথ্যে কথা। জিনিসপত্র সরানোর সময় সব আবাসিক ছাত্র উপস্থিত ছিল। এ ব্যাপারে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের অনুমতি নেওয়া হয়েছে। ছাত্রদের যেন সমস্যা না হয় তাই ঈদের বন্ধের মধ্যে কাজটি করা হয়েছে।'